

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১৩- ৯৬৭

তারিখঃ ২৭.১১.২০১৩ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ নূর-ই-জান্নাত (১২০৯৩৯), মেডিকেল অফিসার, এলাহাবাদ উপস্বাস্থ্য কেন্দ্র, দেবীদ্বার, কুমিল্লা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২.১১.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, শারীরিক অসুস্থতার কারণে তিনি সময়সমত বিদেশ হতে বাংলাদেশে প্রত্যাবর্তন করতে পারেননি। এ জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন।

এক্সনে, সেহেতু, ডাঃ নূর-ই-জান্নাত (১২০৯৩৯), মেডিকেল অফিসার, এলাহাবাদ উপস্বাস্থ্য কেন্দ্র, দেবীদ্বার, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁর ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করায় এবং নবীন কর্মকর্তা হওয়ায় সার্বিক বিবেচনায় তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৫.২০১৩- ৯৬৭/১ (১১)

তারিখঃ ২৭.১১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, কুমিল্লা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০৫.০৩.২০১৩ তারিখ হতে ৩১.০৯.২০১৩ তারিখ পর্যন্ত সময়ের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবীদ্বার, কুমিল্লা
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডাঃ নূর-ই-জান্নাত (১২০৯৩৯), মেডিকেল অফিসার, এলাহাবাদ উপস্বাস্থ্য কেন্দ্র, দেবীদ্বার, কুমিল্লা


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯২.২০১২-৭৭৭

.০৭.১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ

২৫.১১.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোঃ নাজমুল হাছান আখন্দ (৪০০০৭), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা গও ০১.১০.১৯৯৭ তারিখ হতে ১৯.০৩.২০১০ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোঃ নাজমুল হাছান আখন্দ (৪০০০৭), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ মোঃ নাজমুল হাছান আখন্দ (৪০০০৭) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ০১.১০.২০০২ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


১৮.১১.১৩
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-মন্ত্রক

বাংলাদেশ কর্মসংস্থান ও প্রকাশনা অফিস
৩৩৩পাও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯২.২০১২-৭৭৭/১১৩


.০৭.১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ

২৫.১১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুমিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১: মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২: পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪: উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫: সিভিল সার্জন, কুমিল্লা
- ৬: সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭: সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮: সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা
- ১০: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা
- ১১: ডাঃ মোঃ নাজমুল হাছান আখন্দ (৪০০০৭), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা (স্থায়ী ও যোগাযোগ ঠিকানাঃ চ-৬৮/১, উত্তর বাড্ডা, ঢাকা-১২১২)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

একগুণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোঃ ফারুক আহমেদ (৩৯০৮৩), প্রাক্তন ইমারজেন্সি মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, নারায়নগঞ্জ এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ মোঃ ফারুক আহমেদ (৩৯০৮৩) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ০৭.০৩.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


১৬.১১.১৩
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৩-১৮৫(১৩০)

.০৭.১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ

১৬.১১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, নারায়নগঞ্জ
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়নগঞ্জ
- ৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ মোঃ ফারুক আহমেদ (৩৯০৮৩), প্রাক্তন ইমারজেন্সি মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, নারায়নগঞ্জ (যোগাযোগ ঠিকানাঃ- ৮/এফ চরপাড়া মেডিকেল কোয়ার্টার, ময়মনসিংহ, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ-কেন্দুয়া, ডাকঘরঃ- ডোয়াইল কেন্দুয়া, উপজেলা-মধুপুর, জেলা-টাংগাইল)

(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং স্বাপকম/শৃংখলা-১/১-৭৮/২০০৭-১৮৭

তারিখঃ ২৫.১১.২০১৩

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মফিজুল ইসলাম (কোড নং-৩৩৩৩২), প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী জেলায় হাঙ্গামে হাজতে থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;


যেহেতু, তার বিরুদ্ধে উক্ত বিষয়ে ফৌজদারী মামলা চলমান থাকায় তদন্তকারী কর্মকর্তা কোন মতামত প্রদান করেননি;

যেহেতু, দায়েরকৃত ফৌজদারী মামলা নং- ১/২০০৮(রাজশাহী) এবং ১-ক/২০০৮(রাজশাহী) মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশে quashed হয়েছে;

যেহেতু, বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ, রাজশাহী বিভাগ, রাজশাহী আদালতের ২৩.১০.২০১৩ তারিখের আদেশে উক্ত আদালতের ফৌজদারী মামলা নং-১/২০০৮(রাজশাহী) এবং ১-ক/২০০৮(রাজশাহী) এর অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়েছে;

সেহেতু, ডাঃ মোঃ মফিজুল ইসলাম (কোড-৩৩৩৩২), প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, দাখিলকৃত কাগজপত্র, তদন্ত প্রতিবেদন, মহামান্য হাইকোর্ট বিভাগের রায় এবং বিজ্ঞ বিভাগীয় স্পেশাল আদালতের রায় পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হল।

তার বিরুদ্ধে ১৯.০৮.২০০৭ তারিখের স্বাপকম/শৃংখলা-১/১-৭৮/২০০৭-৭৭১নং স্মারকে জারিবৃত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক বরখাস্তকালীন সময়কে কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

বেঙ্গলুরু, ঢাকা

নং স্বাপকম/শৃংখলা-১/১-৭৮/২০০৭-১৮৭

তারিখঃ ২৫.১১.২০১৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৮। সিভিল সার্জন, রাজশাহী
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, তানোর, রাজশাহী
- ১২। ডাঃ মোঃ মফিজুল ইসলাম (কোড-৩৩৩৩২), প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী

(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd